

# মোবাইলপ্রযুক্তি : ফিরে দেখা ২০১৪

মেহেদী হাসান

সদ্য সমাপ্ত বছরটিতে মোবাইলপ্রযুক্তিতে অনেক কিছু যোগ হয়েছে, অনেক কিছুর আধুনিকায়ন হয়েছে। ভালো-মন্দের ভেতর দিয়ে আমরা পেছনে ফেলে এসেছি এ বছরটি। এরপরও সব মিলিয়ে একটা প্রযুক্তিময় বছর কাটিয়েছি আমরা। অথবা বলা যায়, ভবিষ্যৎ প্রযুক্তির ভিত্তি স্থাপন হয়েছে বিগত ২০১৪ সালে। চলতি এবং আসন্ন বছরগুলোতে যার ফল পাওয়া যাবে। সদ্য সমাপ্ত বছরটিতে মোবাইলপ্রযুক্তির উল্লেখযোগ্য দিকগুলো তুলে ধরাই এ লেখার উদ্দেশ্য।

## স্মার্টওয়াচ এখন হাতের নাগালে

২০১৪ সাল জুড়ে স্মার্টওয়াচ তৈরির ধুম দেখা গেছে স্মার্টফোন প্রস্তুতকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে। মটোরোলা, আসুস, স্যামসাং, এলজি এর মধ্যে অন্যতম। এর মূল কারণ স্মার্টওয়াচের জন্য অ্যান্ড্রয়ড ওএস বাজারে ছেড়েছে গুগল। এদিকে অ্যাপল মার্চে নেমেছে আইওয়াচ নিয়ে। আইফোন প্রকাশের দিনেই তারা নতুন আইওয়াচ প্রকাশ করে। সবচেয়ে বড় কথা, মানুষ এখন চাইলেই স্মার্টওয়াচ কিনতে পারছে। আগের চেয়ে অনেক নতুন মডেলে তা পাওয়া যাচ্ছেই, অনেক নতুন সুবিধাও যোগ করা হয়েছে। ২০১৫ সাল জুড়েও এই ধারা বজায় থাকবে বলে ধারণা করা হচ্ছে।



## লোকসানের বোঝা স্যামসাংয়ের কাঁধে

বিশ্বের সবচেয়ে বেশি স্মার্টফোন বিক্রি করা প্রতিষ্ঠানের নামের সাথে এমন কথা মানায় না। তবে ঘটনা সত্যি। প্রতিষ্ঠানটির সাম্প্রতিক প্রকাশিত বিবরণীতে এমন প্রমাণ পাওয়া গেছে। প্রতিষ্ঠানটির বিক্রি করা স্মার্টফোন না কমলেও বাজার দখলের শতকরা হার উল্লেখযোগ্য হারে নিম্নমুখী। একই সাথে লাভের পরিমাণও কমেতে শুরু করেছে। চীনা স্মার্টফোন প্রস্তুতকারকদের উত্থান এর মূল কারণ হিসেবে দেখা হচ্ছে। ধারণা করা হচ্ছে, নতুন এই বছরটিতেও এই ধারা অব্যাহত থাকবে।



## মটোরোলা এখন

### লেনোভোর দখলে

মটোরোলা মবিলিটি কিনে নিয়েছে গুগল— এ খবরও বেশ পুরনো। চলতি বছরে গুগলের কাছ থেকে ২.৯১



motorola  
a lenovo company

বিলিয়ন ডলারে মটোরোলার এই বিভাগটি কিনে নেয় লেনোভো। মটোরোলার ভক্তদের জন্য সুখবর হলো, প্রতিষ্ঠানটি 'মটোরোলা' নাম পরিবর্তন করছে না। বিক্রি যদি করবে তবে গুগল কেন কিনেছিল, যা পাওয়ার তা তো পেয়েই গেছে গুগল। মটোরোলার ২৪ হাজার প্যাটেন্ট এখন তাদের দখলে।

## মোবাইল ডাটার ব্যবহার তুঙ্গে

বছরজুড়ে স্মার্টফোনের ব্যবহার বেড়েছে। সেই সাথে বেড়েছে অ্যাপের ব্যবহার। নতুন অ্যাপগুলোর বেশিরভাগ ইন্টারনেটের সাথে যুক্ত



হয়ে কাজ করে। ফলে মোবাইল ডাটার ব্যবহার বেড়েছে কয়েকগুণ। সেই সাথে বড় পর্দার স্মার্টফোন ও ট্যাবে মানুষ তাদের সব কাজ সেয়ে ফেলছে। আর তাই মোবাইল ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যাও বেড়েছে উল্লেখযোগ্য হারে। ২০১৪ সাল জুড়ে মোবাইল ডাটা ট্রাফিক বেড়েছে প্রায় ৮১ শতাংশ।

## বড় পর্দার আইফোন বাজারে

ব্যাপারটা নতুন করে বলার কিছু নেই। জাতীয় ও আন্তর্জাতিক সংবাদমাধ্যমে এমনভাবে প্রচারিত হয়েছে যে, মোটামুটি সবার কানেই পৌঁছে গেছে। অবশ্য প্রচার করার মতো খবরই বটে। বছরের পর বছর একই মাপের পর্দার আইফোন বাজারে ছাড়ায় অ্যাপল বেশ সমালোচনার মুখে পড়ে। সবাই আশা করতে থাকে পরবর্তী আইফোন নিশ্চয় বড় আকারের হবে। তবে ৫.৫ ইঞ্চি পর্দার আইফোন ৬ গ্লাস



বাজারে ছেড়ে সবাইকে যেন হতবাক করে দিয়েছে প্রতিষ্ঠানটি। এমনকি অনেক বড় মাপের অ্যান্ড্রয়ড ফোনের চেয়েও বড় এটি। ২০১৪ সালের গুরুত্বপূর্ণ খবরই বটে। অবশ্য স্মার্টফোনটি প্যান্টের পকেটে বেঁকে যেতে শুরু করে বলে সমালোচনার মুখে পড়ে।

## সেলফি ফোনে বাজার ছেয়ে গেছে

২০১৩ সালে 'সেলফি' শব্দটা বেশ জোরেজোরেই উচ্চারিত হতে থাকে। সেলফি

